



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ  
১৬, আব্দুল গনি সড়ক, ঢাকা-১০০০  
e-mail: dmss@dgfood.gov.bd  
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৫.১৮-৫২(৬)

তারিখঃ ২১/০১/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ রেল, সড়ক ও নৌ পথে মোট ১৭৬০০ মেঃটন গমের চলাচল সূচি।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের বিভিন্ন এলএসডি/সিএসডি'র ইপি, ওপি, ওএমএস (মেয়াদকল) সহ বিভিন্ন খাতে গমের চাহিদার প্রেক্ষিতে রেল, সড়ক ও নৌ পথে সর্বমোট ১৭৬০০ মেঃটন গমের চলাচল সূচি নিম্নোক্তভাবে জারি করা হলো।

পরিবহনের ক্ষেত্রে পালণীয় নির্দেশনাবলীঃ

- ১। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নাঃগঞ্জ সাইলো প্রেরক হিসেবে কার্য সম্পাদন করবেন।
- ২। আখানি/চসনি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রম অনুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।
- ৩। গম পরিবহন, বোঝাই এবং খালাসকালে কোন সমস্যা উদ্ভূত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্রিৎ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ সহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। ফীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।
- ৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রনকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন।
- ৬। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- ৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদার ভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদার ভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তার অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্তৃকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।
- ১০। সূচির মেয়াদ আগামী ৩০/০১/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ১১। সূচির নির্ধারিত তারিখের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহনে ব্যর্থ হলে পরবর্তীতে আগ্রহী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি জারি করার জন্য আখানি/চসনিদের অনুরোধ করা হলো।

স্বঃ

(মোঃ মিজানুর রহমান)

উপ-পরিচালক

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক

ফোনঃ ০২-৯৫৫১৪২৮

তারিখঃ ২১/০১/২০১৮ খ্রিঃ

প্রাপকঃ ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম/ঢাকা।

২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ/চট্টগ্রাম সাইলো।

৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ।

৪। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম।

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৫.১৮-৫২(৬)/৪০

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্য।

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২। অতিঃ মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩। পরিচালক, হিসাব ও অর্থ/সববি বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, .....

৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬। ব্যবস্থাপক, ..... সিএসডি।

৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা ..... এলএসডি।

৮। অফিস কপি।

উপ-পরিচালক (চপরেস)

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ

২০.০১.১৮

চলমান পাতা-২

